Eat Well, Live Well.

AJINOMOTO®

# AGP

## Ajinomoto Group Policies

Bengali
বাংলা

# সূচিপত্র


**প্রেসিডেন্ট এবং সি ই ও এর  বার্তা** ........ 1

**Our Philosophy** ........ 2

**AGP (Ajinomoto Group Policies)** ........ 3

- প্রয়োগের পরিধি ........ 4
- কর্পোরেট দায়িত্ব ........ 4
- হটলাইন ........ 4
- আমরা জাতিসংঘের বিশ্বজনীন চুক্তির নীতিকে সমর্থন করি। ........ 5
- আমরা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহের অর্জনকে সমর্থন প্রদানকারী উদ্যোগগুলি সক্রিয়ভাবে বাস্তবায়ন করি। ........ 5

**১. পুষ্টির উন্নতির জন্য নেয়া উদ্যোগসমূহ** ........ 6

**২. সর্বোচ্চ নিরাপত্তা এবং উচ্চ-মানের পণ্য সেবা প্রদান** ........ 7

**৩. বিশ্বব্যাপি পরিবেশ এবং স্থিতিশীলতায় অবদান** ........ 8

**৪. ন্যায্য এবং স্বচ্ছ লেনদেন** ........ 8

**৫. মানবাধিকার রক্ষার প্রচেষ্টা** ........ 10

**৬. মানব সম্পদ প্রশিক্ষণ এবং নিরাপত্তা নিশ্চিতকরণ** ........ 11

**৭. স্থানীয় কমিউনিটির সাথে কাজ করা** ........ 12

**৮. স্টেকহোল্ডারদের প্রতি দায়িত্ব** ........ 13

**৯. কর্পোরেট সম্পদ ও তথ্যের সুরক্ষা এবং ব্যবস্থাপনা** ........ 14

**১০. ব্যবসায়িক এবং ব্যক্তিগত বিষয়বস্তুর সুস্পষ্ট পার্থক্য।** ........ 15

**১১. সুশাসন প্রতিষ্ঠা এবং বাস্তবায়ন** ........ 16

- রিপোর্টিং ........ 17


# প্রেসিডেন্ট এবং সি ই ও এর  বার্তা



আজিনোমোতো গ্রুপে, আমাদের মিশন হল বিশ্বের খাদ্য ও সুস্থ্য জীবনের জন্য এবং ভবিষ্যতের ভাল জীবনের জন্য অবদান রাখা। এইজন্য আমরা ASV (The Ajinomoto Group Creating Shared Value) প্রবর্তনের চেষ্টা চালিয়ে যাচ্ছি, যেটি আমাদের ব্যবসার মধ্য দিয়ে সামাজিক সমস্যা সমাধানের এবং সমাজ ও স্থানীয় কমিউনিটির সাথে শেয়ার্ড ভ্যালু সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিক উন্নতি অর্জনের একটি অনন্য পদ্ধতি।

ASV এর লক্ষ্য অর্জনের জন্য বিভিন্ন স্টেকহোল্ডার-দের সাথে সহযোগিতার প্রয়োজন  এবং এই সহযোগিতা শুধুমাত্র তখনই সম্ভব হবে, যখন আজিনোমোতো গ্রুপে আমরা প্রত্যেকে সমাজের বিশ্বাস অর্জনের জন্য কঠোর পরিশ্রম করব। এটিকে স্বীকৃতি দিয়ে, আজিনোমোতো গ্রুপের কোম্পানিগুলো এবং সেখানে কাজ করা আমাদের প্রত্যেকের, যে বিশ্বাস এবং আচরণকে সমর্থন করা উচিত, সেটিকে চিত্রিত করা নীতিমালাগুলো আমরা সংশোধন করেছি এবং নীতিমালাগুলোর নাম দেয়া হয়েছে Ajinomoto Group Policies (AGP) ।

AGP আমাদের মৌলিক, বিশ্বব্যাপী শেয়ার করা দৃষ্টিভঙ্গিকে, একই সাথে আজিনোমোতো গ্রুপের ব্যবসায়িক কার্যক্রম পরিচালনাকারী আচরণ বিধিকে প্রতিনিধিত্ব করে, যা কিনা ব্যবসায়িক কার্যক্রম পরিচালনাকারী প্রতিটি দেশ এবং অঞ্চলের কমপ্লায়ান্স, "২১ শতকের মানব সমাজের সমস্যাগুলো" সংক্রান্ত আন্তর্জাতিক নিয়ম এবং ASV এর লক্ষ্য অর্জনের সাথে সম্পর্কিত।


আমাদের সকল কার্যক্রমের জন্য AGP প্রযোজ্য এবং সেগুলোকে সমর্থন করার লিখিত প্রতিশ্রুতি সকল স্টেকহোল্ডারদের প্রদান করে, আমাদের লক্ষ্য হল একটি প্রকৃত গ্লোবাল বৈশিষ্ট্যের কোম্পানিতে পরিণত হওয়া, যা কিনা আমাদের সকল কর্মকান্ডে AGP কে সমর্থন দিয়ে আস্থা অর্জন করে।

Takaaki.N

তাকাকি নিশী
প্রেসিডেন্ট আজিনোমোতো কোং, ইনক:
আজিনোমোতো গ্রুপের চীফ এক্সিকিউটিভ অফিসার
(প্রধান নির্বাহী কর্মকর্তা)

## Our Philosophy

প্রতিষ্ঠার পর থেকে, আজিনোমোতো গ্রুপ ব্যবসার মধ্য দিয়ে সামাজিক সমস্যা নিরসনে প্রতিনিয়ত উদ্যোগ গ্রহণ করছে। এই উদ্যোগসমূহ সমাজ এবং স্থানীয় কমিউনিটির সাথে শেয়ার্ড ভ্যালু তৈরি করার মধ্য দিয়ে, অর্থনৈতিক মূল্য বৃদ্ধি করে গ্রুপের ক্রমোন্নতিতে অবদান রাখছে। আমরা এই উদ্যোগসমূহকে ASV (The Ajinomoto Group Creating Shared Value) বলে থাকি। ASV, Our Philosophy এর মর্মবস্তু হিসাবে কাজ করে, যা হল এই দর্শনের অধীনে গ্রুপের মিশন ও ভিশন অর্জনের জন্য একটি পন্থা।




## AGP (Ajinomoto Group Policies)

ASV কে ভিত্তি করে গড়ে উঠা মিশন এবং ভিশন হল Ajinomoto Group Policies বা "AGP."। এই নীতিমালাগুলো আজিনোমোতো গ্রুপের কোম্পানিগুলো এবং সেখানে কাজ করা আমাদের প্রত্যেকে, যে বিশ্বাস এবং আচরণের প্রতি প্রতিজ্ঞাবদ্ধ, সেগুলোকে নির্দেশ করে। এই নীতিমালাগুলো আমাদের সকল স্টেকহোল্ডারদের জন্য এই লিখিত অঙ্গীকার হিসাবে কাজ করে যে, আমরা এই বিশ্বাস এবং আচরণগুলোকে সমর্থন প্রদানের জন্য আন্তরিকভাবে কাজ করব।

নীচের চার্ট আমাদের দর্শনের এই গুরুত্বপূর্ণ উপাদানগুলির মধ্যকার সম্পর্ককে ব্যাখ্যা করে।

আমাদের raison d'être, মিশন, এবং নিরবচ্ছিন্নভাবে অন্বেষণ করা একটি কোম্পানী হিসাবে টিকে থাকতে চাই।

**আমাদের মিশন হল, বিশ্বের খাদ্য এবং সুস্থ্য জীবনের জন্য এবং ভবিষ্যতের ভাল জীবনের জন্য অবদান রাখা।**

আমাদের মিশনে যেটিতে পরিণত হওয়াকে আমরা লক্ষ্য হিসাবে নিয়েছি।

**খাদ্যাভাস এবং বার্ধক্যের সাথে সম্পর্কিত খাদ্য এবং স্বাস্থ্য সমস্যার সমাধানের জন্য অ্যামিনো অ্যাসিডের শক্তিকে মুক্ত করে সারা বিশ্বের মানুষের বৃহত্তর সুস্থ্য জীবনের জন্য অবদান রাখা।**

২০৩০ সাল নাগাদ
- ১ বিলিয়ন মানুষের স্বাস্থ্যকর আয়ুষ্কাল বৃদ্ধি করার জন্য সহায়তা করা।
- ব্যবসায়ের কর্মক্ষমতা উন্নত করার মাধ্যমে পরিবেশগত প্রভাব ৫০% হ্রাস করা।

আমাদের মিশন এবং ভিশনকে অর্জন করার জন্য, উভয় সামাজিক ও অর্থনৈতিক মূল্যবোধ সৃষ্টির উদ্যোগগুলো

**ASV আমাদের অপরিবর্তিত প্রতিশ্রুতিকে প্রতিনিধিত্ব করে: আমাদের স্টেকহোল্ডার এবং ব্যবসাগুলোর সাথে, আমরা সমাজের সমস্যা সমাধানে সহায়ত করি, যা কিনা অর্থনৈতিক মূল্যের সৃষ্টিতে সহায়তা করে।**

আমাদের মিশন এবং ভিশনকে অর্জন করার জন্য কর্মচারীদের মধ্যে ভাগাভাগি করা মূল্যবোধ: আমাদের কাজ করার মৌলিক পদ্ধতি এবং দৃষ্টিভঙ্গি

- **নতুন মূল্যবোধ সৃষ্টি করা**
- **নতুন পথে চলার মানসিকতা**
- **সামাজিক অবদান**
- **মানুষকে মূল্য দেওয়া**

প্রতিটি আজিনোমোতো গ্রুপ কোম্পানিগুলো এবং সেখানে কাজ করা আমাদের প্রত্যেকের, যে বিশ্বাস এবং আচরণকে সমর্থন করা উচিত

## প্রয়োগের পরিধি

Ajinomoto Group Policies বা "AGP," আজিনোমোতো গ্রুপের সকল কোম্পানি এবং তাদের কর্মকর্তা এবং কর্মীদের জন্য প্রযোজ্য হবে।

## কর্পোরেট দায়িত্ব

- আজিনোমোতো গ্রুপ কোম্পানিগুলো কর্মকর্তা এবং কর্মীদের এমন কোন আদেশ জারি করতে পারবে না যা AGP কে অমর্যদা করে। এছাড়া আজিনোমোতো গ্রুপ কোম্পানিগুলো এটি নিশ্চিত করে যে AGP মেনে চলার কারণে কোন কর্মকর্তা এবং কর্মীর উপরে কোন বিরূপ প্রভাব পড়বে না।
- আজিনোমোতো গ্রুপ কোম্পানিগুলোর সর্বোচ্চ ব্যবস্থাপনা কর্মকর্তাকে AGP মেনে চলার ক্ষেত্রে, তাদের ভূমিকাকে উপলব্ধি করতে হবে।এবং নিয়ম পালনের জন্য দৃষ্টান্ত স্থাপন করতে হবে। সর্বোচ্চ ব্যবস্থাপনা কর্মকর্তাগণ কোম্পানির ভিতরে নিয়ম পালনকে নিশ্চিত করবেন এবং কোম্পানির ভিতর এবং বাইরে উভয় দিক থেকে মতামত অন্তর্ভুক্ত করে একটি কার্যকর অভ্যন্তরীণ সিস্টেম স্থাপন করবেন।
- যদি আইন বা নিয়মের লঙ্ঘনের মত AGP এর কোন গুরুতর লঙ্ঘন ঘটে, সর্বোচ্চ ব্যবস্থাপনা কর্মকর্তাগণ ইস্যুটি সমাধান করবেন, এবং কারণ নির্ধারণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে, কোনো পুনরাবৃত্তি প্রতিরোধ করা সম্পর্কে তাদের অবস্থানকে স্টেকহোল্ডারদের নিকট স্পষ্ট করবেন।

## হটলাইন

- আজিনোমোতো গ্রুপ কোম্পানিগুলো, অধ্যায় ১১তে বর্ণিত আমাদের "হুইসল ব্লোয়িং সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি" অনুসারে আইন-অমান্য এবং সমস্যাগুলোকে রিপোর্ট করার জন্য, কর্মীদের জন্য একটি পদ্ধতি স্থাপন করেছে।
- আজিনোমোতো গ্রুপ কোম্পানিগুলো, রিপোর্ট প্রদানকারী যে কোন ব্যক্তির ব্যক্তিগত তথ্য সুরক্ষা করে, গোপনীয়তা রক্ষা করে এবং এটি নিশ্চিত করে যে রিপোর্টটি রিপোর্ট প্রদানকারী ব্যক্তির অনিষ্টের জন্য ব্যবহার করা হবে না।

- **আমরা জাতিসংঘের বিশ্বজনীন চুক্তির নীতিকে সমর্থন করি।**

জাতিসংঘের বিশ্বজনীন চুক্তি ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোকে তাদের নিজস্ব প্রভাবের মধ্যে থেকে মানবধিকার, শ্রমের মানদণ্ড, পরিবেশ এবং দুর্নীতি দমন সংক্রান্ত প্রধান কিছু মূল্যবোধকে গ্রহণ, সমর্থন এবং অনুমোদন করতে উৎসাহিত করে।

**মানবাধিকার** **ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর করা উচিত:**

নীতি ১ আন্তর্জাতিকভাবে ঘোষিত মানবাধিকারের সুরক্ষাকে সমর্থন এবং সম্মান দেওয়া; এবং

নীতি ২ তারা মানবাধিকার লংঘনের ঘটনার সাথে যেন যুক্ত না হয়।নিশ্চিত করা।

**শ্রম** **ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর করা উচিত:**

নীতি ৩ সংঘবদ্ধ হওয়ার স্বাধীনতাকে বজায় রাখা এবং যৌথ দরকষাকষির অধিকারকে কার্যকরভাবে স্বীকৃতি দেয়া;

নীতি ৪ সব ধরণের বলপূর্বক এবং বাধ্যতামূলক শ্রম বর্জন করা;

নীতি ৫ শিশু শ্রমকে ফলপ্রসূভাবে বিলোপ করা; এবং

নীতি ৬ নিয়োগ এবং পেশার ক্ষেত্রে বৈষম্য বর্জন করা।

**পরিবেশ** **ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর করা উচিত:**

নীতি ৭ পরিবেশগত চ্যালেঞ্জগুলির ক্ষেত্রে একটি প্রাকসতর্কতামূলক পদ্ধতিকে সমর্থন দেয়া;

নীতি ৮ অধিকতর পরিবেশগত দায়বদ্ধতার প্রসার ঘটানোর জন্য উদ্যোগ নেওয়া; এবং

নীতি ৯ পরিবেশ-বান্ধব প্রযুক্তিগুলোর বিকাশ এবং বিস্তার ঘটানোয় উৎসাহ দেওয়া।

**দুর্নীতি দমন** **ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর করা উচিত:**

নীতি ১০ হুমকি দিয়ে অর্থ আদায় ও ঘুষ দেওয়া সমেত সব ধরণের দুর্নীতির বিরুদ্ধে কাজ করা।

- **আমরা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহের অর্জনকে সমর্থন প্রদানকারী উদ্যোগগুলি সক্রিয়ভাবে বাস্তবায়ন করি।**

২০১৫ সালের সেপ্টেম্বর মাসের জাতিসংঘের সভায়, টেকসই উন্নয়নের জন্য ২০৩০ সালের এজেন্ডায়, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) ঘোষণা করা হয়। যেটি ২০০১ সালে প্রণয়ন করা মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোলস (সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা) এর পরিবর্তে গ্রহণ করা হয়েছে। SDGs তে আন্তর্জাতিকভাবে সম্মত হওয়া ১৭টি লক্ষ্যমাত্রা রয়েছে, যার মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল পর্যন্ত।

## ১. পুষ্টির উন্নতির জন্য নেয়া উদ্যোগসমূহ

১.১ আমরা বিভিন্ন অঞ্চল, বয়স, জীবনধারা এবং স্বাস্থ্যের মানুষের পুষ্টির প্রয়োজনের উপর মনোনিবেশ করার এবং দৈনিক খাবারের পুষ্টির ভারসাম্যের উন্নতির জন্য পণ্য এবং তথ্য প্রদান করার উচ্চাভিলাষ পোষণ করি।

১.২ আমরা শুধুমাত্র উপযুক্ত পুষ্টি প্রদানকারী পণ্য দিয়ে নয়, সুস্বাদু খাবার, নানা রকম মেনু, স্মার্ট রান্না এবং একসঙ্গে খাওয়ার জন্য পরামর্শ প্রদানের মাধ্যমে মানসিক এবং শারীরিক পুষ্টিতে অবদান রাখছি।

১.৩ আমরা স্থানীয় পরিস্থিতির গভীর উপলব্ধির উপর ভিত্তি করে তথ্য, পণ্য, এবং পরিষেবার একটি টোটাল প্যাকেজ প্রদান করার মাধ্যমে, পুষ্টির উন্নতিতে ভোক্তাদের সাহায্য করার জন্য কাজ করছি।

১.৪ আমরা সাশ্রয়ী মূল্য এবং উপযুক্ত শৈলীর এবং প্রতিটি দেশের ভোক্তা চাহিদা পূরণকারী পণ্যের মাধ্যমে পুষ্টিকর খাবারের সুযোগ প্রদান করছি।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

১. পুষ্টি সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

২. পণ্যে অভিগম্যতা সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ২. সর্বোচ্চ নিরাপত্তা এবং উচ্চ-মানের পণ্য সেবা প্রদান

২.১ আমরা সর্বদা আমাদের গ্রাহককে অগ্রাধিকার দেয়ার লক্ষ্যে অত্যাধুনিক প্রযুক্তি, সৃজনশীলতা এবং উন্নতির মাধ্যমে সর্বোচ্চ নিরাপত্তা এবং উচ্চ-মানের পণ্য সেবা উদ্ভাবন এবং প্রদান করে থাকি।

২.২ আমরা, গ্রাহকদের আস্থা বজায় রাখা এবং অর্জনের জন্য, তাদের প্রত্যাশা পূরণের জন্য এবং সন্তুষ্টি নিশ্চিত করার জন্য, পণ্য ও সেবা সংক্রান্ত সঠিক এবং উপকারী তথ্য প্রদান করছি।

২.৩ আমরা এটা নিশ্চিত করি যে, আমাদের সকল বিপণন ও বিজ্ঞাপন কার্যক্রম, গ্রাহ-কদের সঙ্গে যোগাযোগের মাধ্যমে এবং দায়িত্বপূর্ণভাবে পরিচালনা করা হবে, বিশেষত যখন শিশুদের জন্য পরিচালনা করা হবে

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

১. গুণগত মান সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

২. খাদ্য নিরাপত্তাসংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

৩. মার্কেটিং কমিউনিকেশনস সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

৪. প্যাকেজের বর্ণনা সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ৩. বিশ্বব্যাপি পরিবেশ এবং স্থিতিশীলতায় অবদান

৩.১ পৃথিবীর সাথে সুসংগতভাবে সহাবস্থান এবং টেকসই “রিসাইক্লিং ওরিয়েন্টেড সোসাইটি” বাস্তবায়নের জন্য আমরা কমিউনিটি এবং গ্রাহকদের সাথে কাজ করে যাচ্ছি।

৩.২ আমরা ব্যক্তিগত পর্যায়ে সম্পদ ও শক্তিকে দক্ষতার সাথে ব্যবহার করে, পরিবেশের প্রতি দায়িত্বশীল জীবন-যাপনে উদ্বুদ্ধ করি।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

১. পরিবেশ সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

২. পশু কল্যাণ সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ৪.ন্যায্য এবং স্বচ্ছ লেনদেন

৪.১ আমরা সর্বদা আমাদের লেনদেন যাতে ন্যায্য এবং স্বচ্ছ থাকে, সে ব্যাপারে সচেতন থাকি। আমরা ন্যায্য ব্যবসা চর্চা অব্যাহত রাখি।এবং আমরা যাদের সাথে লেনদেন করি তাদের সকলকেই মূল্যবান ব্যবসায়িক অংশীদার হিসাবে সম্মান করি।

৪.২ আমরা যে সকল দেশে ব্যবসা পরিচালনা করি, সে সকল দেশের ব্যবসায়িক প্রতি-যোগিতা সংশ্লিষ্ট এন্টিট্রাস্ট এবং অন্যান্য আইন এবং নিয়ম মেনে চলা এবং পুরোপুরি বুঝতে পারাকে নিশ্চিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করি। ।আমরা প্রতিযোগিতাকে সীমিত করার জন্য (কার্টেলে অংশগ্রহণ করা সমেত), প্রতিযোগীদের সাথে যৌথভাবে মূল্য বা বিক্রয় / উৎপাদনের পরিমাণ ইত্যাদি নির্ধারণ করি না এবং বিড রিগিং এর সাথে যুক্ত হই না। প্রতিযোগীদের বাজার থেকে উৎখাত করা বা তাদের বাজারে প্রবেশ করাকে আটকানোর জন্য কোন অন্যায় উপায় অবলম্বন করি না।

৪.৩ সাব কন্ট্রাকটর এবং সরবরাহকারী নির্বাচন করার সময়, আমরা মূল্য, গুণমান এবং পরিষেবার মত শর্তগুলি ন্যায্যভাবে তুলনা এবং মূল্যায়ন করার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করি। আমরা আমাদের প্রভাবশালী অবস্থানকে অপব্যবহার করার মাধ্যমে এমন কোন কাজে যুক্ত হইনা, যা কিনা আমাদের ব্যবসায়িক অংশীদারদের জন্য কোন ধরণের অসুবিধার কারণ হয়।

৪.৪ আমরা আমাদের সাবকন্ট্রাকটর এবং সরবরাহকারীদের পরিবেশের সুসংরক্ষণ এবং মানবাধিকার রক্ষা সমেত সামাজিক দায়িত্ব।পালনের প্রচেষ্টায় নিয়োজিত করি

৪.৫ আমাদের গ্রাহক এবং ব্যবসায়িক অংশীদারদের সাথে লেনদেনের সময়, সুবিবেচ-নার সাথে কাজ করি এবং আমরা অনুপযুক্ত উপহার, বিনোদন বা অর্থ।প্রদানের মত অসঙ্গত কাজে জড়িত হই না।

৪.৬ আমরা দেশী বা বিদেশী সরকারি কর্মচারীদের অথবা তাদের সমতুল্য ব্যক্তিকে ঘুষ হিসাবে যে কোন প্রকারের উপহার, বিনোদন বা অর্থ প্রদান করি না। সরকার ও কর্মকর্তাদের সাথে আমরা সুস্থ্য ও স্বাভাবিক সম্পর্ক বজায় রাখি।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

১. ক্রয় সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

২. সরবরাহকারী সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

৩. ঘুষ প্রতিরোধ সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

৪. রাজনৈতিক কার্যক্রম এবং রাজনৈতিক চাঁদা সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ৫. মানবাধিকার রক্ষার প্রচেষ্টা

৫.১ আমরা আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানবাধিকারকে উপলব্ধি করা এবং মানবাধিকার সম্পর্কিত আন্তর্জাতিক আচরণ বিধিকে সম্মান।করার উপর ভিত্তি করে আমাদের ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করি ।

৫.২ আমরা মানবাধিকার লঙ্ঘনের যে কোন দুষ্কর্মে সহায়তা বা অংশগ্রহণকে পরিহার করার জন্য বিভিন্ন ধরণের অংশীদারদের সাথে কাজ করে থাকি।

৫.৩ আমরা কাজের ক্ষেত্রে নিম্নরূপ মৌলিক নীতিমালা এবং অধিকারকে সম্মান করি। আমরা (ক) সংঘবদ্ধ হওয়ার স্বাধীনতাকে এবং যৌথ দরকষাকষির অধিকারকে স্বীকৃতি দেই; (খ) সব ধরণের বলপূর্বক শ্রমের ব্যবহার নিষিদ্ধ করি; (গ) শিশু শ্রমের ব্যবহার নিষিদ্ধ করি; এবং (ঘ) কর্মক্ষেত্রে বৈষম্য সহ্য করি না।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

১. মানবাধিকার সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ৬. মানব সম্পদ প্রশিক্ষণ এবং নিরাপত্তা নিশ্চিতকরণ

৬.১ আমরা অর্থপূর্ণ কর্মসংস্থানের সুযোগ প্রদানের জন্য যথাসাধ্য চেষ্টা করি, যা কিনা কর্মীদের বৈচিত্র্য, চরিত্র এবং ব্যক্তিস্বাতন্ত্র্যকে সম্মান করার মাধ্যমে, কর্মীদের দক্ষতা এবং ক্ষমতার বিকাশ এবং অনুশীলনের সুযোগ প্রদান করে।

৬.২ আমরা আজিনোমোতো গ্রুপের উন্নয়নে অবদান রাখার জন্য বিশ্বজনীন দৃষ্টভঙ্গি থেকে কাজ করি, দলগত কাজকে গুরুত্ব দেই, সৃজনশীলতা অনুশীলন করি এবং অগ্রগামী সাহসকে মূল্য দেই।

৬.৩ আমরা সমৃদ্ধ জীবন গড়ে তোলাকে উপভোগ করতে এবং আজিনোমোতো গ্রুপের ক্রমাগত উন্নয়নের মাধ্যমে সামাজিক কল্যাণে অবদান রাখতে কর্মীদের প্রচেষ্টাকে সমর্থন করি। এই ক্ষেত্রে, আমরা নতুন উদ্যোগ এবং প্রোগ্রামের মাধ্যমে ক্রমাগত নিজেদেরকে উন্নত করার প্রাণপন চেষ্টা চালাই।

৬.৪ আমরা এমন একটি কর্মক্ষেত্রের জন্য কাজ করি, যা কিনা আমাদের কাজের সন্তুষ্টির উন্নতি ঘটায় এবং উচ্চ উৎপাদনশীলতাকে উৎসাহিত করে।

৬.৫ আমরা প্রতিটি দেশ এবং অঞ্চলের আইন এবং সংস্কৃতি সম্মান করি, যেখানে আমরা আমাদের ব্যবসা পরিচালনা করি। আমরা জাতি, জাতিগত গোষ্ঠী, জাতীয়তা, ধর্ম, বিশ্বাস, জন্মস্থান, লিঙ্গ, বয়স, অক্ষমতা বা যৌন অভিমুখিতার ভিত্তিতে কারো বিরুদ্ধে বৈষম্য নিষিদ্ধ করেছি।

৬.৬ আমরা একে অপরের সাথে খোলামেলাভাবে মতামত বিনিময়ের মাধ্যমে বৈষম্য ও হয়রানি বিহীন এবং পরষ্পরের মর্যাদাকে সম্মান করা হয়, এমন ইতিবাচক কর্মক্ষেত্র গঠনে কাজ করছি।

৬.৭ আমরা প্রত্যেক ব্যক্তিকে সম্মান করি এবং কর্পোরেট কার্যক্রমের একটি সবচাইতে গুরুত্বপূর্ণ উপাদান হিসাবে পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্যকে গুরুত্ব দেই।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

১. মানব সম্পদ সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

২. পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ৭. স্থানীয় কমিউনিটির সাথে কাজ করা

৭.১ আমরা যেখানে ব্যবসা পরিচালনা করি সেখানে এবং বৃহত্তর সমাজে, সুস্থ কমিউনিটি তৈরি করার লক্ষ্যে, ইতিবাচক সামাজিক অবদান রাখার জন্য প্রাণপণে চেষ্টা চালাই। আমরা যেখানে ব্যবসা পরিচালনা করি, সেখানকার প্রতিটি কমিউনিটির অর্থনৈতিক, সাংস্কৃতিক ও শিক্ষাগত উন্নয়নে মনোনিবেশন করি।

৭.২ স্থানীয় কমিউনিটির সদস্য হিসাবে, সামাজিক অবদান রাখার কার্যক্রমে অংশগ্রহ-ণের জন্য আমাদের সকলকে উদ্বুদ্ধ করা হয়।

৭.৩ জনসাধারণের সাথে মিথস্ক্রিয়া করার সময়, প্রত্যেককে আমরা, আজিনোমতো গ্রুপকে প্রতিনিধিত্বকারী গ্রুপ কর্মচারী হিসাবে স্বীকৃতি দেই এবং সেই অনুসারে আমাদের কর্মকাণ্ড সর্বদা সামাজিক শিষ্টাচারের সচেতনতার দ্বারা পরিচালিত হয়।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

১. স্থানীয় কমিউনিটির উন্নতি সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ৮. স্টেকহোল্ডারদের প্রতি দায়িত্ব

৮.১ আমরা কর্মক্ষেত্রে সুষ্ঠ ব্যবস্থাপনা পরিচালনার অনুশীলন, শেয়ারহোল্ডারদের উপযুক্ত আয় প্রদান করতে এবং প্রতিষ্ঠানের মান বৃদ্ধি করার যথাসাধ্য চেষ্টা করি।

৮.২ আমরা নানা রকম স্টেকহোল্ডারদের নির্দিষ্ট সময়মত এবং উপযুক্ত পদ্ধতিতে তথ্য প্রকাশ করি এবং আমরা তাদের প্রত্যাশা এবং আস্থা অনুযায়ী নিখুতভাবে এবং বিশ্বস্ততার সাথে সাড়া দিয়ে থাকি।

৮.৩ স্টেকহোল্ডারদের নিকট প্রকাশ করা আর্থিক তথ্যগুলোর বিশ্বাসযোগ্যতা এবং নির্ভুলতা নিশ্চিত করার জন্য আমরা যথাযথ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা রক্ষা ও পরিচালনা করি।

৮.৪ আমরা শেয়ারবাজারে তালিকাভুক্ত আজিনোমোতো গ্রুপের কোম্পানি বা শেয়ার-বাজারে তালিকাভুক্ত ব্যবসায়িক অংশীদারগণের অপ্রকাশিত তথ্য ব্যবহার করে, শেয়ার বেচাকেনা সহ অভ্যন্তরীণ লেনদেনের মত অবৈধ কর্মকাণ্ডে লিপ্ত হই না।

৮.৫ আমরা আমাদের ব্যবসা পরিচালনাকারী প্রতিটি দেশের কর আইন মেনে চলি। কর ব্যবস্থা এবং প্রশাসনের পরিবর্তনে আমরা সাড়া দেই এবং শেয়ারহোল্ডার মূল্য বৃদ্ধি করার জন্য কর ঝুঁকি হ্রাস করি।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

১. গ্লোবাল ট্যাক্স সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

২. স্টেকহোল্ডারদের সাথে তথ্য ভাগাভাগি সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ৯. কর্পোরেট সম্পদ ও তথ্যের সুরক্ষা এবং ব্যবস্থাপনা

৯.১ আমরা গোপনীয় তথ্য এবং বাণিজ্যক গোপনীয়তা এবং মেধা সম্পত্তি অধিকার সহ, কোম্পানির স্থাবর এবং অস্থাবর সম্পদসমূহ কঠোরভাবে রক্ষা এবং পরিচালনা করি।

৯.২ আমরা ব্যক্তিগত তথ্য রক্ষা করার গুরুত্বকে স্বীকার করি এবং তথ্য ফাঁস প্রতিরোধ করার জন্য ব্যক্তিগত তথ্য সংগ্রহ, ব্যবহার এবং প্রদানে শুধুমাত্র সঠিক পদ্ধতি অনুসরণ করি।

৯.৩ আমরা উপলব্ধি করি যে, আমাদের ব্র্যান্ড এবং মালিকানাধীন মেধা সম্পত্তগুলো আমাদের কোম্পানির গুরুত্বপূর্ণ সম্পদ। সেজন্য এগুলো ব্যবহার করার ক্ষেত্রে, আজিনোমোতো গ্রুপের আইন ও প্রবিধান এবং নিয়ম অনুযায়ী যথাযথ ও সঠিক পদ্ধতি অনুসরণ করে ব্যবহার করি।

৯.৪ আমরা তৃতীয় পক্ষের বৈধ মেধা সম্পত্তির অধিকারকে সম্মান করি

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

১. তথ্য নিরাপত্তা সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

২. গোপনীয়তা সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

৩. মেধা সম্পত্তি সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ১০. ব্যবসায়িক এবং ব্যক্তিগত বিষয়বস্তুর সুস্পষ্ট পার্থক্য।

১০.১ আমরা আমাদের কর্মচারী ও তাদের পরিবারের এবং আজিনোমোতো গ্রুপের কোম্পানির স্বার্থের সংঘাত যাতে না ঘটে, তা নিশ্চিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করি।

১০.২ আমার শুধুমাত্র ব্যবসায়িক উদ্দেশ্যে কর্পোরেট সম্পদ বা তথ্য ব্যবহার করি এবং ব্যক্তিগত স্বার্থ সিদ্ধি জন্য তা ব্যবহার করি না।

১০.৩ আমরা বুঝতে পারি যে, এমনকি কর্মচারীদের অবসর গ্রহণের পরেও, কর্মচারী-দের দ্বারা প্রতিষ্ঠিত ব্যবসায়িক সম্পর্কগুলি কোম্পানির অধিকারভুক্ত হয়।

১০.৪ আমরা সামাজিক মাধ্যমগুলোতে কোম্পানির প্রচারণা এবং ব্যক্তিগত প্রচার-ণাকে সম্পূর্ণ পার্থক্যভাবে বিবেচনা করি। ব্যক্তিগতভাবে তথ্য প্রচারের সময়ও আমরা আজিনোমোতো গ্রুপ কোম্পানির একেকজন সদস্য হিসাবে আমাদের ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কে সচেতন থাকি এবং এমন কোন কার্যে লিপ্ত হই না, যা কিনা আজিনোমোতো গ্রুপ কোম্পানির খ্যাতি বা অন্য কোন সম্পত্তির ক্ষতি করতে পারে।

১০.৫ আমরা রাজনৈতিক কর্মকান্ডে শুধুমাত্র ব্যক্তিগতভাবে নিজ নিজ দায়িত্বে, এবং শুধুমাত্র কাজের সময় ব্যতীত ও কোম্পানির সীমানার বাইরে অংশগ্রহণ করি।

## ১১. সুশাসন প্রতিষ্ঠা এবং বাস্তবায়ন

১১.১ আমরা যথোপযুক্ত কর্তৃত্ব অর্পণ এবং জবাবদিহিতা কেন্দ্রিক শাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করি এবং ক্রমাগতভাবে আমাদের কর্পোরেট মূল্য বৃদ্ধির জন্য ন্যায্য স্বচ্ছ ও কার্যকর পদ্ধতিতে গ্রুপ পরিচালনা করি।

১১.২ আমরা সন্ত্রাসবাদ, সাইবার হামলা এবং প্রাকৃতিক দুর্যোগের মতো রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক গুরুত্বপূর্ণ বিষয়গুলোর জন্য প্রস্তুতিকে নিশ্চিত করার জন্য কৌশলগত ঝুঁকি ব্যবস্থাপনা এবং সংগঠিত সঙ্কট ব্যবস্থাপনা বাস্তবায়ন করি।

১১.৩ আমরা সংগঠিত অপরাধমূলক উপাদানগুলির সাথে যে কোন ধরণের সংশ্রবকে কঠোরভাবে এড়িয়ে চলি, যা কিনা নাগরিক আইন এবং নিরাপত্তাকে হুমকির মুখে ফেলে। উপরন্তু, সংগঠিত অপরাধমূলক উপাদানগুলির বিরুদ্ধে দৃঢ়ভাবে অবস্থান নেই এবং সকল অনুপযুক্ত দাবি প্রত্যাখ্যান করি।

১১.৪ কর্মক্ষেত্র এবং ব্যবসায় প্রতারণা বা আইন ও নিয়ম বা AGP এর লঙ্ঘন সম্পর্কে ওয়াকিবহাল হলে, আমরা তার বিরুদ্ধে উচ্চকণ্ঠ হই। আমরা যথাযথ পরিচাল-কদের সঙ্গে পরামর্শ করি এবং আমাদের হুইসল ব্লোয়িং সিস্টেম ব্যবহার করে উদ্বেগ এবং সমস্যাগুলো আলোতে নিয়ে আসি।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

১. সুশাসন সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
২. ঝুঁকি ব্যবস্থাপনা সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
৩. হিসাবরক্ষণ সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
৪. প্রতারণা এবং তহবিল তছরুপ প্রতিরোধ সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
৫. হুইসল ব্লোয়িং সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

**Ajinomoto Group Policies সম্পর্কিত যে কোন জিজ্ঞাসার উত্তর প্রদান করা হয় (AGP):**

ব্যবসা পরিচালনা কমিটি সচিবালয়ের অফিস
লিগ্যাল ও কমপ্লায়েন্স বিভাগ
আজিনোমোতো কোং, ইনক
ঠিকানা: 15-1, Kyobashi 1-chome, Chuo-ku, Tokyo 104-8315 Japan

## রিপোর্টিং

- প্রতিটি কোম্পানিতে প্রতিষ্ঠিত হটলাইনগুলি ছাড়াও, নীচের চ্যানেলগুলির মাধ্যমেও রিপোর্ট প্রদান করা যেতে পারে।

**জাপানের জন্য এক্সটার্নাল হটলাইন**

টেলিফোন: 0120-783-805 (ফ্রি ডায়াল) ৯:০০-২১:০০ ব্যবহারযোগ্য
কোড: 332 নাম: Ajinomoto Group
ওয়েব: https://ml.helpline.jp/a-hotline
আইডি: hotline PW: ajinomoto

**অডিট কমিটি হটলাইন**

ওয়েব: https://i365.helpline.jp/ajinomoto/k-hotline
কোড: 332 নাম: Ajinomoto Group
আইডি: hotline PW: ajinomoto

অডিট কমিটি হটলাইনটি অডিটিং সংস্থা কর্তৃক পরিচালিত হয়ে, অফিসারদের কর্তব্য সম্পাদনের সাথে সংশ্লিষ্ট প্রতিবেদনের জন্য সীমাবদ্ধ। প্রতিবেদনের বিষয়বস্তুর উপর নির্ভর করে, ব্যবসা পরিচালনা কমিটির সচিবালয় উত্তর প্রদানের দায়িত্ব নিতে পারে।

**জাপানের বাইরের জন্য এক্সটার্নাল হটলাইন**

ওয়েব: https://ml.helpline.jp/g-hotline
আইডি: hotline PW: ajinomoto

**জাপানের জন্য অভ্যন্তরীণ হটলাইন: ব্যবসা পরিচালনা কমিটির সচিবালয়, আজিকো**

টেলিফোন / ফ্যাক্স: +81-3-5250-8244 ই-মেইল: hotline@asv.ajinomoto.com

**Ajinomoto Co., Inc.**
15-1, Kyobashi 1-chome, Chuo-ku,
Tokyo 104-8315 Japan
Tel: +81 (3) 5250-8111
URL: http://www.ajinomoto.com/en/

Eat Well, Live Well.

AJINOMOTO

1 জুলাই, 2018 সালে প্রতিষ্ঠিত
২য় সংস্করণ 1 জুলাই, 2021 সাল